তারিখ ... 17|6|৭৫ ...

পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

ইত্তেফাক

119

# খুলনায় গণশিক্ষা অভিযান

চলতি মাসের প্রথম সপ্তাহে খুলনা জেলায় মোট দুই হাজার সাতশত ৬০টি গ্রামের মধ্যে দুই হাজার চারশত উনচল্লিশটি গ্রামে গণশিক্ষার কাজ শুরু হইয়াছে। এই সকল গ্রামের গণশিক্ষাকেন্দ্রে বর্তমানে মোট দুইলক্ষ ২১ হাজার ছয়শত ১৬ জন নিরক্ষর লোক শিক্ষা গ্রহণ করিতেছে। ইহাদের মধ্যে ১,৩৬,৭০৯ জন পুরুষ এবং বাকী সকলে মহিলা। এই জেলায় এ পর্যন্ত ২,৮৭,৮৪১টি গণশিক্ষা বিষয়ক বই-পুস্তক নিরক্ষরদের মধ্যে বিতরণ করা হইয়াছে। জেলা, থানা ও ইউনিয়ন পর্যায়ে মোট ১৭,৩১৫ জন গণশিক্ষা বিষয়ক শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হইয়াছে। গণশিক্ষা অভিযানের কাজ জোরদার করার জন্য এখানে মোট ৬,৫৭১ টি স্বাক্ষরতা স্কোয়াড গঠন করা হইয়াছে। ইহার সদস্য সংখ্যা মোট ১৭,৩৭৬ জন। স্কুল-কলেজের প্রায় পাঁচ হাজার উৎসাহী ছাত্র-ছাত্রীও এই স্কোয়াডের সদস্য হইয়াছেন। উল্লেখ্য, খুলনা জেলা ১১ হইতে ৪৫ বৎসরের বয়ঃসীমার মধ্যে মোট ১৩,৫৭,৪৫২ জন নিরক্ষর পুরুষ ও মহিলা রহিয়াছে। খবর সরকারী তথ্য বিবরণীর।